# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ২০২৫

শ্রেণি: প্রথম

বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: --------------------------------------------------------

শিক্ষার্থীর নাম: --------------------------------------------- ছেলে ☐ মেয়ে ☐ (✓দিন)

রোল নম্বর: ---------------------------------------- শাখা: ---------------------------------------------

প্রশ্ন : ১. বর্ণগুলো সঠিক উচ্চারণে পড়োঃ

| | | |
|---|---|---|
| এ | ই | আ |
| ঔ | ঋ | ঊ |
| উ | ঐ | অ |
| ও | ঈ | |

প্রশ্ন : ২. বর্ণগুলো সঠিক উচ্চারণে পড়োঃ

| | | | | |
|---|---|---|---|---|
| গ | ছ | ধ | ঘ | ড় |
| ঙ | জ | ট | ঝ | ণ |
| ঢ | ঠ | ড | দ | ষ |
| ঝ | ঞ | ঢ় | শ | য় |
| গ | ন | জ | ভ | ঃ |

প্রশ্ন: ৩ বর্ণের সাথে মিল করে শব্দগুলো পড়োঃ

| বর্ণ | শব্দ |
|---|---|
| ড | ডাব, ডানা, ডালিম |
| উ | উট, উঠান, উনুন |
| ট | টব, টাকা, টমেটো |
| এ | এত, এদিক, এলাচ |
| আ | আতা, আদা, আলু |

প্রশ্ন: ৪ শব্দগুলো সঠিক উচ্চারণে পড়োঃ


| | | | |
|---|---|---|---|
| কাকা | বৈঠা | নৌকা | লাঙল |
| ঠোঙা | কূপ | অরুণ | অশোক |
| লিখি | তৃণ | ওড়না | ঐরাবত |
| খুঁজে | কাকি | ঋতু | উৎসব |



মাহফুজা খাতুন
সহকারী পরিচালক
পলিসি এন্ড অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
পলিসি ও অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রশ্ন: ৫ ছবির সাথে মিল করে শূন্য স্থানে কোন বর্ণটি বসবে, সেটিতে গোল ◯ চিহ্ন দাও।

| (খালি ঘরে সঠিক বর্ণটিতে গোল ◯ চিহ্ন দিন) | |
|---|---|
|  __ম<br>এ<br>অ<br>আ<br>ও |  __ট<br>ঈ<br>ঋ<br>অ<br>ই |
|  বিড়া__<br>ড<br>ট<br>ল<br>জ |  __লিশ<br>ঐ<br>ঋ<br>ই<br>ঈ |
|  __কতারা<br>ঐ<br>ঋ<br>এ<br>আ |  __গল<br>এ<br>ঋ<br>অ<br>ঈ |

প্রশ্ন : ৬ শিক্ষক অনুচ্ছেদটি পড়ে, শিক্ষার্থীকে ৬.১ থেকে ৬.৪ নং প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করবে।

## সকাল বেলা

ভোর হলো। সূর্য মামা উঠেছে। মোরগ ডাকছে। আলোয় ভরে গেল চারদিক। অহনা প্রতিদিন ভোরে ঘুম থেকে ওঠে। দাঁত মাজে। হাত মুখ ধোয়। অহনা খাওয়ার আগে ও পরে হাত ধোয়। অহনা পড়ার সময় পড়ে। খেলার সময় খেলে। ভোরে ঘুম থেকে ওঠা শরীরের জন্য ভালো।

প্রশ্ন : ৬.১ অহনা কখন ঘুম থেকে ওঠে?
প্রশ্ন : ৬.২ অহনা কেমন মেয়ে?
প্রশ্ন : ৬.৩ সূর্য মামা উঠলে কে ডাকে?
প্রশ্ন : ৬.৪ অহনা কখন হাত ও মুখ ধোয়?

শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ২০২৫
শ্রেণি: দ্বিতীয়
বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ----------------------------------------------------------------

শিক্ষার্থীর নাম: -------------------------------- ছেলে ☐ মেয়ে ☐ (✓দিন)






রোল নম্বর: --------------------------------------------- শাখা: ---------------------------

প্রশ্ন : ১ বর্ণগুলো সঠিক উচ্চারণে পড়োঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ঊ | ঈ | ঔ | ঐ | ঋ | জ | শ |
| ঙ | ছ | ঙ | ঘ | ঞ | ভ | ঐ |
| চ | জ | ট | ন | স | য় | ধ |
| ঢ | ঠ | ং | ঝ | ণ | ষ | দ |

প্রশ্ন : ২ ছবির সাথে মিল করে শূন্য স্থানে কোন বর্ণটি বসবে, সেটিতে গোল ◯ চিহ্ন দাওঃ

(খালি ঘরে সঠিক বর্ণটিতে গোল ◯ চিহ্ন দিন)

| | | | | | |
|---|---|---|---|---|---|
|  | __পেল | এ<br>তা<br>আ<br>থা |  | __তা | জা<br>চা<br>ছা<br>আ |
|  | __ষধ | ঔ<br>ঋ<br>ঊ<br>ঐ |  | টেবি_ | ক<br>ব<br>র<br>ল |
|  | প__কা | ডা<br>টা<br>তা<br>কা |  | নৌ__ | কা<br>না<br>লা<br>তা |

প্রশ্নঃ ৩ শব্দগুলো সঠিক উচ্চারণে পড়োঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| মজা | বাক্য | বন্ধু | নানা | কুড়াল | ফেব্রুয়ারি |
| সুন্দর | ওড়না | ক্লাস | ট্রেন | পৌঁছাল | পক্ষিরাজ |

প্রশ্ন: ৪ শব্দে ব্যবহৃত যুক্তবর্ণসমূহ ভেঙ্গে দেয়া আছে, সঠিকটিতে গোল ◯ চিহ্ন দাও।

| শব্দ | যুক্তবর্ণ | কোন কোন বর্ণ আছে | | |
|---|---|---|---|---|
| স্কুল | স্ক | (ক+ষ) | (স+ক) | (শ+স) |
| বন্ধু | ন্ধ | (ণ+দ) | (ন+ধ) | (ধ+ন) |
| রাস্তা | স্ত | (স+ত) | (শ+ত) | (ক+ষ) |
| পরিষ্কার | ষ্ক | (স+ক) | (ষ+ক) | (ক+ষ) |

প্রশ্ন: ৫ পাশা পাশি শব্দের মিল করে বাক্য তৈরি কর, সঠিকটিতে গোল ◯চিহ্ন দাও।

| | |
|---|---|
| সে বল | খেলে/ খেলি/ খেলো। |
| তুমি গান | গাই / গাও/ করেন। |
| বাবা কাজ | করি/ করো/ করেন। |
| আমি স্কুলে | যাও/ যাই/ যায়। |
| সোমা ভাত | খায়/ খাই/ খাও। |

**অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে শিক্ষক শুনবে ও শিক্ষার্থীর অবস্থান যাচাই করবেন:**

## ৬. মেঘপরী ও ব্যাঙ

এক মেঘপরী। আকাশে থাকে। সাদা মেঘে ঘুমায়। মেঘ কালো হলে তার ঘুম ভাঙে। তখন সে আকশে ডানা মেলে। আর কালো মেঘ বৃষ্টি হয়ে ঝরে। মাটিতে থাকে এক ব্যাঙ। বৃষ্টি হলে তার খুব মজা। নেঁচে নেঁচে বেড়ায়। আর ঘ্যাঙর ঘ্যাঙর ডাকে। মেঘপরীর আনন্দ দেখে কে? একদিন মেঘপরী মাটিতে নেমে এলো। সারা আকাশ তখন কালো। অনেক দিন সাদা মেঘ আর কালো হয় না। বৃষ্টিও হয় না। ব্যাঙের খুব মন খারাপ। মেঘপরী আসে না। আবার সব আগের মতো হয়। ব্যাঙ এখন খুব খুশি।

**শিক্ষক ৬.১ থেকে ৬.৩নং পর্যন্ত স্টপওয়াচ/ঘড়ির ব্যবহার করবেন এবং শব্দের সংখ্যা লিপিবদ্ধ করবেন।**

৬.১ শিক্ষার্থী এক মিনিটে কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে: . . . . . . . . . . . . . . . . . . .

৬.২ অনুচ্ছেদটির মধ্যে মোট কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে: . . . . . . . . . . . . . . .

৬.৩ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো শিক্ষক লিপিবদ্ধ করবেন:. . . . . . .

প্রশ্ন ঃ অনুচ্ছেদটি পড়ে ৬.৪ থেকে ৬.৭ নং প্রশ্নের উত্তর বলবে এবং লিখতে দিবেন।

৬.৪ মেঘপরী কোথায় ঘুমায়?

৬.৫ ঘুম ভাঙলে মেঘপরী কী করে?

৬.৬ কখন ব্যাঙ এর আনন্দ হয়?

৬.৭ বৃষ্টি হলে ব্যাঙ কী করে ?

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ২০২৫
## শ্রেণি: তৃতীয়
## বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ----------------------------------------------------------------


শিক্ষার্থীর নাম: -------------------------------- ছেলে ☐ মেয়ে ☐ (✓দিন)

রোল নম্বর: -------------------------------------------- শাখা: --------------

প্রশ্ন : ১ নামগুলো পড়ে সঠিকটিতে গোল ○ চিহ্ন দাও।

| (খালি ঘরে সঠিক বর্ণটিতে গোল ○ চিহ্ন দিন) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| পাখির নামগুলোতে ○ চিহ্ন দাও। | | | | সবজির নামগুলোতে ○চিহ্ন দাও; | | | |
| ☐ | গরু | ☐ | টিয়া | ☐ | পটল | ☐ | টমেটো |
| ☐ | কাক | ☐ | ছাগল | ☐ | কাঁঠাল | ☐ | জবা |
| ☐ | ইলিশ | ☐ | ময়না | ☐ | লাউ | ☐ | বেলি |
| ☐ | কুকুর | ☐ | বোয়াল | ☐ | আলু | ☐ | টগর |
| ☐ | দোয়েল | ☐ | বিড়াল | ☐ | কমলা | ☐ | বেগুন |

প্রশ্ন : ২ ছবির সাথে মিল করে শূন্য স্থানে কোনটি বসবে সেটিতে গোল ○ চিহ্ন দাও।

| ছবির সাথে মিল আছে বাক্যটিতে গোল ○ চিহ্ন দাও। | | ছবির সাথে মিল আছে বাক্যটিতে গোল ○ চিহ্ন দাও। | |
|---|---|---|---|
|  | ☐ শিশুটি ঘুমাচ্ছে।<br>☐ শিশুটি পড়ছে।<br>☐ শিশুটি দৌড়াচ্ছে।<br>☐ শিশুটি খাচ্ছে। |  | ☐ লোকটি সাঁতার কাটছে।<br>☐ লোকটি মাছ ধরছে।<br>☐ লোকটি গোসল করছে।<br>☐ লোকটি ধান কাটছে। |

প্রশ্ন: ৩ কোন কোন বর্ণ যোগে যুক্তবর্ণ গঠিত হয়েছে সেটিতে গোল ○ চিহ্ন দাও।

| শব্দ | যুক্তবর্ণ | কোন কোন বর্ণ আছে | | |
|---|---|---|---|---|
| রাষ্ট্রভাষা | ষ্ট্র | ১. (ষ+ট+্র) | ২. (ট+ষ+্র) | ৩. (স+ট+্র) |
| পুরস্কার | স্ক | ১. (ষ+ক) | ২. ( স+ক) | ৩.(ক+স) |
| উজ্জ্বল | জ্জ্ব | ১. (ব+জ+জ) | ২. (ঝ+জ+ব) | ৩. (জ+জ+ব) |
| খঞ্জনা | ঞ্জ | ১. (ঞ+জ) | ২. (জ+ঞ) | ৩. (ঞ+ঝ) |

প্রশ্ন : ৪. দাগ টেনে বাম পাশের শব্দের সাথে ডান পাশের সঠিক সমার্থক শব্দসমূহের মিল কর।

| শব্দ | সমার্থক |
|---|---|
| সজীব | চওড়া, প্রসারিত, বিস্তৃত |
| ধরণী | আকাশ, আসমান, নভ |
| প্রশস্ত | পৃথিবী, অরণ্য, জগৎ |
| গগণ | সতেজ, জীবন্ত,উদ্দীপ্ত |

৫। বাক্যটির শেষে কোন চিহ্ন বসবে?
তুমি কি আমাকে সাহায্য করবে
(ক) ?
(খ) !
(গ) ৎ
(ঘ) ;

৬। 'সতর্ক' শব্দটি দিয়ে কী অর্থ প্রকাশ করে?
(ক) অসাবধান
(খ) উদাসীন
(গ) সাবধান
(ঘ) অমনোযোগী

৭। কোন বাক্যেটি সঠিক ?

(ক) ভোরবেলা ডাকে ঘুম ভাঙে পাখির।
(খ) ডাকে ভোরবেলা পাখির ঘুম ভাঙে।
(গ) ভোরবেলা পাখির ডাকে ঘুম ভাঙে।
(ঘ) পাখির ডাকে ঘুম ভাঙে ভোর বলা।

৮। | আ | ন | প |

উপরের ছকের বর্ণ দিয়ে তৈরি
সঠিক শব্দ কোনটি ?
(ক) আপন
(খ) পআণ
(গ) আপণ
(ঘ) আণপ

**অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে শিক্ষক শুনে শিক্ষার্থীর অবস্থান যাচাই করবেন:**

## ৯. বন ও পাখি

ঘন সবুজ বন। গাছে গাছে পাখির বাসা। লাল পাখি, হলুদ পাখি। 'মা' পাখিরা ক্ষেতে যায়। ফসলের দানা আনে। বন থেকে ফুলের মধু,ফল আনে । ছানাদের খাওয়ায়। একদিন এক কাক আসলো। সে এসে এক মা-পাখিকে বলল, নদীর ধারে আরও বন আছে। ঐ বন অনেক সুন্দর। ঐ বনের ফল খেতে মিঠা। ফুলের মধু খুব মজার। ছানারা বলল, 'আমরা ঐ বনে যাব'। ডানা ঝাপটিয়ে মা-পাখি নিষেধ করলেও লাল পাখি সে বনে গেলো। সেখানে গিয়ে লাল পাখি তো অবাক! কোথাও কিছুই নেই। শুধু পাতা ছাড়া গাছ খড়-কুটা! লাল পাখি কাঁদতে কাঁদতে ফিরে এল। সবাইকে বলল, কাক মিথ্যা কথা বলেছে। তখন মা-পাখি বলল, দুষ্ট লোকের মিষ্টি কথা শুনতে নেই।

শিক্ষক স্টপওয়াচ/ঘড়ি ব্যবহার করবেন এবং ৯.১ থেকে ৯.৪ নং- শব্দের সংখ্যা লিপিবদ্ধ করবেন।
৯.১ এক মিনিটে কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে: .......................
৯.২ এক মিনিটে কতগুলো শব্দ পড়তে পেরেছে: ........................
৯.৩ অনুচ্ছেদের মধ্যে মোট কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে:.............
৯.৪ অনুচ্ছেদটির মধ্যে শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো লিপিবদ্ধ করবেন: .........

প্রশ্ন ঃ অনুচ্ছেদটির ৯.৪ থেকে ৯.৭ নম্বর প্রশ্ন করবেন ও লিখতে দিবেন।
৯.৪ ' মা' পাখি কোথায় গিয়ে ফসলের দানা আনে?
৯.৫ কয়টি রঙের পাখির কথা বলা হয়েছে?
৯.৬ 'মধু'এর স্বাদ কেমন?
৯.৭ গল্পটিতে কী কী বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে?

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ২০২৫
## শ্রেণি: চতুর্থ
## বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ------------------------------------------------------------
শিক্ষার্থীর নাম: ------------------------------ ছেলে ☐ মেয়ে ☐ (✓দিন)
রোল নম্বর: ---------------------------------- শাখা: ---------------

**অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে শিক্ষক শুনে শিক্ষার্থীর অবস্থান যাচাই করবেন:**

১. পাখির মেলা

পাখিদের মেলা। কী বিরাট আয়োজন! সেখানে গান হবে, বাজনা হবে, নাচ হবে। খাওয়া দাওয়া হবে। ভিন দেশের পাখিরাও আসবে। বাজ পাখি দেখবে, কেউ যেন গোলমাল না করে। সে মেলার চারিদিকে উড়ে বেড়াবে। সাথে থাকবে সব লম্বা ঠোঁটওয়ালা পাখিদের বড় একদল। বক, ঈগল, মাছরাঙা ও কাঠঠোকরা। চারদিকে সাজ সাজ রব। দুটো গ্রাম, তিনটে নদী পেরিয়ে সোনামনির হাট। সেখানে মেলা। কেউ কেউ রওনা দিয়েছে, কেউ রওনা দেবে। টিয়া, টুনটুনি, কাকাতুয়া, কোকিল, শ্যামা এরা নাচ গানের দল নিয়ে চলে গেছে আগেই। দূর তো কম নয়। মধুবনে পাখি নেই বললেই চলে। যাদের শরীর খারাপ, উড়তে পারে না, কিংবা ঘরে ছোট বাচ্চা, কেবল তারাই মেলায় যায়নি। বরই গাছের কোটরে মা ঘুঘু তার বাচ্চা নিয়ে থাকে। মা ঘুঘুর শরীরটা ভালো নেই, বাচ্চাটিও ছোট, যদিও উড়তে শিখেছে বেশ। বায়না ধরেছে, সেও মেলায় যাবে।

**শিক্ষক স্টপওয়াচ/ঘড়ি ব্যবহার করবেন এবং ১.১ থেকে ১.৫ নম্বর শব্দের সংখ্যা লিপিবদ্ধ করবেন।**

১.১. এক মিনিটে কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে? . . . . . . . . . . . . . . . . . . . .
১.২. এক মিনিটে কতগুলো শব্দ পড়তে পেরেছে? . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
১.৩. পুরো অনুচ্ছেদের মধ্যে মোট কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে? . . . . . . . . . . . .
১.৪. অনুচ্ছেদের উপর করা প্রশ্নগুলোর মধ্যে কতগুলো প্রশ্নের সঠিক উত্তর দিয়েছে? . . . . . . . . .
১.৫ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো লিপিবদ্ধ করবেন :

**প্রশ্ন ঃ শিক্ষক অনুচ্ছেদটির ১.৬ থেকে ১.১০ নম্বর প্রশ্ন করবেন ও লিখতে দিবেন।**

১.৬ বাজ পাখি কোথায় উড়ে বেড়াবে?
১.৭ 'কারা' পাখিদের মেলায় যায়নি?
১.৮ লম্বা ঠোঁটওয়ালা পাখিদের নামগুলো কী কী?
১.৯ বরই গাছের কোটরে মা ঘুঘু তার বাচ্চা নিয়ে বাস করে কেন?
১.১০ তোমার দেখা মেলার বর্ননা দাও?

**প্রশ্ন : ২ দাগ টেনে বাম পাশের শব্দের সাথে ডান পাশের সঠিক সমার্থক শব্দের মিল কর।**

| শব্দ | সমার্থক |
|---|---|
| কদর | স্থান,রাজ্য,বিভাগ |
| শৈশব | মান্য, সন্মান,খাতির |
| বিজয় | পৃথিবী, অরণ্য, জগৎ |
| ধরণী | সাফল্য,জয়,উল্লাস |
| অঞ্চল | ছোটবেলা, শিশুকাল,বাল্যকাল |



Scanned with CamScanner

অনুচ্ছেদটি পড়ে ৩.১ থেকে ৩.৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।

## ৩. বেগম রোকেয়া

রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে ১৮৮০ সালের ৯ ডিসেম্বর বেগম রোকেয়ার জন্ম। তাঁর বাবার নাম জহির উদ্দিন আবু আলী সাবের। মায়ের নাম রাহাতুন্নেসা চৌধুরী। তাঁরা ছিলেন জমিদার। তিনশত বিঘা জমির মাঝে ছিল দেয়াল ঘেরা জমিদারবাড়ি। তখনকার মেয়েদের বাড়িতে বসেই লেখা-পড়া করতে হতো। বেগম রোকেয়া বাড়িতেই আরবি ও উর্দু পড়তেন। পড়ার ফাঁকে ফাঁকে লুকিয়ে বড় ভাইয়ের কাছে বাংলা পড়তেন। ষোল বছর বয়সেই বিয়ে হয়ে গেলেও তিনি আগ্রহ নিয়ে পড়া-লেখা চালিয়ে যান। পরবর্তীতে তিনি মেয়েদের জন্য একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৯৩২ সালের একই তারিখে তিনি মৃত্যুবরণ করেন।

প্রশ্নঃ ৩.১ মেয়েরা ঘরের বাইরে বের হতো না কেন?
৩.২ বেগম রোকেয়া কত তারিখে মৃত্যুবরণ করেন?
৩.৩ পায়রাবন্দ গ্রামটি কোন জেলায়?
৩.৪ বেগম রোকেয় বিদ্যালয় প্রতিষ্ঠিত করেছিলেন কেন?
৩.৫ বেগম রোকেয়ার মেয়েদের শিক্ষায় কী কী অবদান রেখে ছিলেন?

প্রশ্ন : ৪ দাগ টেনে বাম পাশের শব্দের সাথে ডান পাশের বিপরীত শব্দের মিল কর।

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| দুঃখ | বেদনা |
| বন্ধু | দুর্বল |
| আনন্দ | শত্রু |
| স্বাধীনতা | সুখ |
| শক্তিশালী | পরাধীনতা |

৫। কোনটি সঠিক বাক্য?

(ক) উচিত অসহায় করা ব্যক্তিকে সাহায্য।
(খ) অসহায় করা ব্যক্তিকে সাহায্য উচিত।
(গ) সাহায্য অসহায় ব্যক্তিকে করা উচিত।
(ঘ) অসহায় ব্যক্তিকে সাহায্য করা উচিত।

৬। আশ্বিন ' শ্ব' যুক্তবর্ণটি কোন কোন বর্ণ দিয়ে গঠিত?

(ক) ব + শ
(খ) শ + ব
(গ) শ + ধ
(ঘ) ন + শ

৭। 'ধরা' শব্দের সঠিক অর্থ কী?

(ক) পৃথিবী
(খ) মাটি
(গ) বাতাস
(ঘ) অগ্নি

৮। কোন বাক্যটিতে দাঁড়ি চিহ্ন বসবে?

(ক) কী সুন্দর দৃশ্য অসাধারণ ।
(খ) আমি পড়া শেষে খেলতে যাব।
(গ) বাহ আবির তুমি অবশেষে এলে।
(ঘ) সুন্দরবনে পাখি নেই কেন।

৯। তোমার পরিবার সম্পর্কে লিখ?



Scanned with CamScanner

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ২০২৫
## শ্রেণি: পঞ্চম
## বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ------------------------------------------------------------

শিক্ষার্থীর নাম: -------------------------------- ছেলে ☐ মেয়ে ☐ (✓দিন)

রোল নম্বর: ------------------------------------- শাখা: ------------

প্রশ্ন : ১ দাগ টেনে বাম পাশের সাথে ডান পাশের সঠিক শব্দ মিল কর:

| | |
|---|---|
| বরেণ্য | অহংকার নেই যার |
| মেধাবী | বরণ করার যোগ্য |
| নির্বিচার | মেধা আছে এমন যে |
| নিরহংকার | বিচার-বিবেচনা ছাড়া যা |

২। কোন শব্দটিতে ফলাচিহ্ন ব্যবহার করা হয়েছে?

(ক) মান
(খ) প্রাণ
(গ) আম
(ঘ) আহা

অনুচ্ছেদটি শিক্ষার্থী পড়বে শিক্ষক শুনে শিক্ষার্থীর অবস্থান যাচাই করবেন:

### ৩.কাজী নজরুল ইসলাম

আমাদের জাতীয় কবির নাম কাজী নজরুল ইসলাম। তিনি ১৮৯৯ খ্রিষ্টাব্দে ২৫ মে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম কাজী ফকির আহমদ ও মাতার নাম জায়েদা খাতুন। মাত্র ৮ বছর বয়সে কবির পিতা মারা যান। তাই অতি দুঃখকষ্টে তাঁর বাল্যজীবন কাটে। ১৯১৬ খ্রিস্টাব্দে নজরুল ছিলেন দশম শ্রেণির ছাত্র। তিনি ছিলেন বহুমূখী প্রতিভার অধিকারী। অগ্নিবীণা, বিষের বাঁশি, দোলন চাঁপা, ঝিঙে ফুল তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ । তাছাড়া আলেয়া, ঝিলিমিলি, ইত্যাদি নাটক এবং ব্যথার দান, মৃত্যুক্ষুধা ইত্যাদি উপন্যাস তাঁর অপূর্ব সৃষ্টি। তিনি প্রায় পাঁচ হাজার গান রচনা করেন। তিনি ১৯৭৬ খ্রিস্টব্দের ২৯ আগস্ট ঢাকায় মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদের পাশে তাঁকে সমাহিত করা হয়। সকল অন্যায়,অবিচার ও অত্যাচারের বিরুদ্ধে তিনি জাতিকে শুনিয়েছিলেন বিদ্রোহের সুর। তাই তিনি বাংলা সাহিত্যে 'বিদ্রোহী কবি' নামে পরিচিত।

শিক্ষক স্টপওয়াচ/ঘড়ি ব্যবহার করবেন এবং ৩.১ থেকে ৩.৪ নং- শব্দের সংখ্যা লিপিবদ্ধ করবেন।

৩.১ এক মিনিটে কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে? . . . . . . . . . . . . . . . . . . . . .
৩.২ এক মিনিটে কতগুলো শব্দ পড়তে পেরেছে? . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৩.৩ পুরো অনুচ্ছেদের মধ্যে মোট কতগুলো শব্দ সঠিকভাবে পড়তে পেরেছে?: . . . . . . . . . . .
৩.৪ শিক্ষার্থী যে শব্দগুলো সঠিকভাবে পড়তে পারেনি সেগুলো লিপিবদ্ধ করবে:

প্রশ্নঃ অনুচ্ছেদটি পড়া শেষে শিক্ষক ৩.৫ থেকে ৩.৮ নং প্রশ্ন করবেন ও লিখতে দিবেন:

৩.৫ কাজী নজরুল ইসলামের লিখিত একটি কাব্য কাব্যগ্রন্থের নাম লিখ?
৩.৬ প্রথম মহাযুদ্ধের সময় কাজী নজরুল ইসলাম কোন্ শ্রেণির ছাত্র ছিলেন ?
৩.৭ কাজী নজরুল ইসলামের জীবনী থেকে আমরা কী শিক্ষা নিতে পারি ?
৩.৮ বিদ্রোহী কবি বলতে কী বুঝ ?



মাহফুজা খাতুন
সহকারী পরিচালক
পলিসি এন্ড অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
পলিসি ও অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

Scanned with CamScanner

৪। কোন বাক্যটিতে চলিত রূপ ব্যবহৃত হয়েছে?

(ক) সে পড়িতেছে।
(খ) তাহারা যাচ্ছে।
(গ) তারা যাইতেছে ।
(ঘ) সে পড়ছে।

৫। কোনটি সঠিক বাক্য?

(ক) করে বাবুই পাখি বাসা নিজেই তৈরি।
(খ) তৈরি নিজেই বাবুই পাখি বাসা করে।
(গ) নিজেই পাখি করে বাসা তৈরি বাবুই।
(ঘ) বাবুই পাখি নিজেই বাসা তৈরি করে।

৬। কোনটিতে সঠিকভাবে বিরাম চিহ্ন ব্যবহার করা হয়েছে?

(ক) মা বললেন, তোমার বই খাতা কলম গুছিয়ে রাখ।
(খ) মা বললেন, "তোমার বই খাতা কলম গুছিয়ে রাখ"।
(গ) মা বললেন, তোমার, বই, খাতা, কলম গুছিয়ে রাখ।
(ঘ) মা বললেন, " তোমার বই, খাতা ও কলম গুছিয়ে রাখ।"

৭। 'দ্রুত 'এর বিপরীত শব্দ কোনটি?

(ক) শীঘ্র
(খ) থামা
(গ) ধীর
(ঘ) জোরে

চিঠিটি পড়ে ৮.১ থেকে ৮.৫ নং প্রশ্নের উত্তর লিখ;

রংপুর
১২/০৪/২০২৫ খ্রি:

প্রিয় তোহা,

শুভেচ্ছা নিও। গতকাল তোমার চিঠি পেয়েছি। চিঠিতে তুমি 'কেন আমরা বৃক্ষরোপন করব' সম্পর্কে জানতে চেয়েছ। এ গুরুত্বপূর্ণ বিষয়টি জানতে চাওয়ার জন্য তোমাকে ধন্যবাদ।

গাছ আমাদের পরম বন্ধু। মানুষ ও প্রাণিকূলের বেঁচে থাকার জন্য গাছের প্রয়োজনীয়তা অপরিহার্য। আমরা শ্বাস-প্রশ্বাসে অক্সিজেন গ্রহণ করি এবং কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করি। গাছ আমাদের অক্সিজেন সরবরাহ করে এবং কার্বন-ডাই-অক্সাইড পাতার মাধ্যমে গ্রহণ করে। গাছপালা থেকে আমরা প্রয়োজনীয় ফুল-ফল, খাদ্যসামগ্রী, ঔষধ, কাঠ ইত্যাদি পাই। এছাড়া গাছ ছায়া দেয় এবং প্রাকৃতিক দূর্যোগ থেকে আমাদের রক্ষা করে। আমাদের জীবন বাঁচাতে গাছের কোনো বিকল্প নেই। কিন্তু মানুষ তাদের প্রয়োজনে অপ্রয়োজনে গাছ কাটে। আশা করব তুমি বাড়ির চারপাশে ঔষধি ও ফলজ গাছ লাগাবে। কারণ এখনই গাছ লাগানোর উপযুক্ত সময়। মনে রাখতে হবে, 'গাছ বাঁচলে আমরা বাঁচব'। আজ এ পর্যন্ত। তোমার বাবা-মাকে আমার সালাম দিও।

ইতি,
তোমারবন্ধু
রোমেল

প্রশ্ন: ৮.১ গাছ কীভাবে পরিবেশের ভারসাম্য বজায় রাখে?
৮.২ গাছ কী দিয়ে মাটি ক্ষয়রোধ করে?
৮.৩ গাছ কিসের মাধ্যমে কার্বন-ডাই-অক্সাইড গ্রহণ করে?
৮.৪ বৃক্ষরোপন করা প্রয়োজন কেন?
৮.৫ অনুচ্ছেদটির মূল তাৎপর্য কী?



Scanned with CamScanner

**শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই**
**ও**
**রেকর্ড সংরক্ষণ নিয়মাবলী ২০২৫**
**বিষয়: বাংলা**

**১. সাধারণ নির্দেশনা:**

- শিক্ষার্থীর পড়া যাচাইয়ের ক্ষেত্রে- বর্ণজ্ঞান, ধ্বনি সচেতনতা, শব্দ ভান্ডার, সাবলীলতা, বোধগম্যতার বিষয়ে বিবেচনায় রাখবেন।
- শিক্ষার্থীদের লেখা মূল্যায়নের ক্ষেত্রে-বানান, বিরামচিহ্ন ও ব্যাকরণগত ভুল পরিমাপ করবেন।
- প্রশ্নপত্রের আলোকে শিক্ষক প্রতিজন শিক্ষার্থীকে একক বিবেচনায় শিখন অবস্থান যাচাই করবেন।
- একজন শিক্ষার্থীকে **শিখন অবস্থান যাচাই করে প্রদত্ত ছকে রেকর্ড** লিপিবদ্ধ করবেন এবং নিরাময়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- অতি উত্তম ঃ শিক্ষার্থী নিজ শ্রেণির সকল যোগ্যতা সফলভাবে অর্জন করতে পেরেছে। পড়ে অন্তর্নিহীতভাব বুঝতে ও বলতে পারবে।
- উত্তম ঃ শিক্ষার্থী প্রায় প্রত্যাশিত সকল যোগ্যতা অর্জন করেছে/ শ্রেণি উপযোগী যোগ্যতা অজর্ন করেছে /সাবলীল।
- চলতি মান ঃ নিজ শ্রেণি উপযোগী নূণ্যতম যোগ্যতা অর্জন করেছে / শিক্ষকের আংশিক সহায়তায় পারে।
- চলতি মানের নিচে ঃ শ্রেণি উপযোগী যোগ্যতার চেয়ে বেশ পিঁছিয়ে/ শিক্ষকের পূর্ণ সহায়তায় পারে।

২. বাংলা পঠন ও লিখন দক্ষতা :

| বাংলা পঠন দক্ষতা | বাংলা লিখন দক্ষতা |
|---|---|
| বাংলা পড়ার দক্ষতা অর্জনের প্রধান উপাদান ও তাদের সংক্ষিপ্ত সংজ্ঞা হলো:<br>১. **বর্ণ জ্ঞান** : অক্ষর ও ধ্বনির সম্পর্ক বোঝা এবং তা থেকে শব্দ গঠন করা। যেমন: 'কা' শব্দে 'ক' ও 'আ' মিলিয়ে উচ্চারণ শেখা।<br>২. ধ্বনি সচেতনতা: শব্দের ধ্বনি চিনে নেওয়া ও আলাদা আলাদা ধ্বনি শনাক্ত করার সক্ষমতা। যেমন: "বই" শব্দে 'ব' ও 'ই' ধ্বনির পার্থক্য বুঝতে পারা।<br>৩. শব্দ ভান্ডার : শব্দের অর্থ জানা এবং তা পাঠ্যবস্তুর প্রেক্ষিতে বোঝার দক্ষতা। যেমন: মা, আম, বই, তুমি ইত্যাদি।<br>৪. সাবলীলতা: নিরবচ্ছিন্নভাবে, যথাযথ গতি ও সুরে পাঠ করার ক্ষমতা, যাতে পাঠের অর্থ ঠিকভাবে ধরা পড়ে।<br>৫. বোধগম্যতা: পাঠ্যবস্তুর অর্থ বোঝা, বিশ্লেষণ করা এবং তা থেকে ধারণা তৈরি করার ক্ষমতা। যেমন: গল্প পড়ে কে কী করল তা বুঝতে পারা।<br>৬. অনুসিদ্ধান্ত : অনুচ্ছেদ পড়ে ও বিশ্লেষণ অনুসিদ্ধান্ত গ্রহণ ও উপলব্ধি করতে পারবে। | বাংলা লেখার দক্ষতা অর্জনের প্রধান উপাদান ও তাদের সংক্ষিপ্ত সংজ্ঞা হলো:<br>১. সঠিক প্রবাহ: প্রতিটি বর্ণ বা অক্ষর কোথা থেকে শুরু হয়ে কোথায় শেষ হবে, লিখতে পারা।<br>২. সঠিক আকৃতি: প্রতিটি বর্ণের সঠিক ও সমান আকৃতি সঠিকভাবে ব্যবহার করা।<br>৩. সমান্তরাল: প্রতিটি বর্ণ বা শব্দগুলোর পাশাপাশি অবস্থান যেন সমন্তরাল হয়।<br>৪ মাত্রা ও বানান : বর্ণের মাত্রা সঠিকভাবে ব্যবহার, শব্দের অক্ষরসমূহ শুদ্ধ বানানে লিখতে পারা।,<br>৫. বিরামচিহ্ন: বাক্যের ভঙ্গি ও ভাব প্রকাশের জন্য ব্যবহৃত বিরামচিহ্ন যেমন: কমা (,), ফুলস্টপ (।), প্রশ্নচিহ্ন (?) ইত্যাদি সঠিক ব্যবহার করতে পারা।<br>৬. ব্যাকরণ জ্ঞান: ভাষার সঠিক ব্যবহার ও গঠনরীতি, শব্দ, পদ, বাক্য গঠনের সঠিকতা বিবেচনা করা। যেমন: "আমি স্কুলে যাই।" |

**৩. কোডিং নির্দেশনা:**

- প্রশ্নানুযায়ী নম্বর প্রদানের ক্ষেত্রে কোডিং নির্দেশনা অনুসরণ করতে হবে।
- উত্তর না লিখলে কোড ৯(নয়) প্রদান করতে হবে। উত্তর ভুল লিখলে কোড ০(শূন্য) প্রদান করতে হবে ।
- শিক্ষার্থীর শিখন অবস্থান পড়ার ক্ষেত্রে চলতি মানের নিচে হলে কোড ১(এক), চলতি মান ২(দুই), উত্তম ৩(তিন) অতি উত্তম ৪(চার) হবে।
- শিক্ষার্থীর শিখন অবস্থান লেখার ক্ষেত্রে চলতি মানের নিচে হলে কোড ১(এক), চলতি মান ২(দুই), উত্তম ৩(তিন) অতি উত্তম ৪(চার) হবে।
- প্রতিটি প্রশ্নের সম্ভাব্য উত্তরের পাশাপাশি অন্যান্য প্রাসঙ্গিক সঠিক উত্তর বিবেচনা করা হবে।

মাহমুদা খাতুন
সহকারী পরিচালক
পলিসি এন্ড অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

মোহাম্মদ কামরুল হাসান, এনডিসি
পরিচালক (যুগ্মসচিব)
পলিসি ও অপারেশন
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ ২০২৫

## শ্রেণি: প্রথম

## বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ------------------------------------------

শিক্ষকের নাম------------------------------------ যাচাইয়ের তারিখ -----------------

| ক্র. নং | শিক্ষার্থীর নাম | বাংলা পঠন ও লিখন অবস্থান | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাংলা পঠন দক্ষতা | | | | | | বাংলা লিখন দক্ষতা | | | | | |
| | | বর্ণ জ্ঞান | ধ্বনি সচেতনতা | শব্দ ভান্ডার | সাবলীলতা | বোধগম্যতা | অনুসিদ্ধান্ত | সঠিক প্রবাহ | সঠিক আকৃতি | সমান্তরাল | মাত্রা ও বানান | বিরামচিহ্ন | ব্যাকরণ জ্ঞান |
| ১ | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | |

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ ২০২৫

## শ্রেণি: দ্বিতীয়

## বিষয়: বাংলা

বিদ্যালয়ের নাম: ---------------------------------------------

শিক্ষকের নাম------------------------------------------ যাচাইয়ের তারিখ ------------------

| ক্র. নং | শিক্ষার্থীর নাম | বাংলা পঠন ও লিখন অবস্থান | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাংলা পঠন দক্ষতা | | | | | | বাংলা লিখন দক্ষতা | | | | | |
| | | বর্ণ জ্ঞান | ধ্বনি সচেতনতা | শব্দ ভান্ডার | সাবলীলতা | বোধগম্যতা | অনুসিদ্ধান্ত | সঠিক প্রবাহ | সঠিক আকৃতি | সমান্তরাল | মাত্রা ও বানান | বিরামচিহ্ন | ব্যাকরণ জ্ঞান |
| ১ | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | |

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ ২০২৫

**শ্রেণি: তৃতীয়**

**বিষয়: বাংলা**

বিদ্যালয়ের নাম: ------------------------------------------

শিক্ষকের নাম------------------------------------- যাচাইয়ের তারিখ -----------------

| ক্র. নং | শিক্ষার্থীর নাম | বাংলা পঠন ও লিখন অবস্থান | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাংলা পঠন দক্ষতা | | | | | | বাংলা লিখন দক্ষতা | | | | | |
| | | বর্ণ জ্ঞান | ধ্বনি সচেতনতা | শব্দ ভান্ডার | সাবলীলতা | বোধগম্যতা | অনুসিদ্ধান্ত | সঠিক প্রবাহ | সঠিক আকৃতি | সমান্তরাল | মাত্রা ও বানান | বিরামচিহ্ন | ব্যাকরণ জ্ঞান |
| ১ | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | |

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ ২০২৫

**শ্রেণি: চতুর্থ**

**বিষয়: বাংলা**

**বিদ্যালয়ের নাম:** ----------------------------------------

**শিক্ষকের নাম**------------------------------------ **যাচাইয়ের তারিখ** ------------------

| ক্র. নং | শিক্ষার্থীর নাম | বাংলা পঠন ও লিখন অবস্থান | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাংলা পঠন দক্ষতা | | | | | | বাংলা লিখন দক্ষতা | | | | | |
| | | বর্ণ জ্ঞান | ধ্বনি সচেতনতা | শব্দ ভান্ডার | সাবলীলতা | বোধগম্যতা | অনুসিদ্ধান্ত | সঠিক প্রবাহ | সঠিক আকৃতি | সমান্তরাল | মাত্রা ও বানান | বিরামচিহ্ন | ব্যাকরণ জ্ঞান |
| ১ | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | |

# শিক্ষার্থীর শিখন অবস্থান যাচাই ও রেকর্ড সংরক্ষণ ২০২৫

**শ্রেণি: পঞ্চম**

**বিষয়: বাংলা**

**বিদ্যালয়ের নাম:** ---------------------------------------

**শিক্ষকের নাম**----------------------------------- **যাচাইয়ের তারিখ** -----------------

| ক্র. নং | শিক্ষার্থীর নাম | বাংলা পঠন ও লিখন অবস্থান | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বাংলা পঠন দক্ষতা | | | | | | বাংলা লিখন দক্ষতা | | | | | |
| | | বর্ণ জ্ঞান | ধ্বনি সচেতনতা | শব্দ ভান্ডার | সাবলীলতা | বোধগম্যতা | অনুসিদ্ধান্ত | সঠিক প্রবাহ | সঠিক আকৃতি | সমান্তরাল | মাত্রা ও বানান | বিরামচিহ্ন | ব্যাকরণ জ্ঞান |
| ১ | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | |